



তারিখ 26 JUN 1988  
পৃষ্ঠা... কলাম 5

**মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  
সম্পর্কে নিরীক্ষণ**

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আলী আহমদান সংবাদ প্রতিনিধিকে বলেছেন, খবরের কাগজে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়টি জেনে এ নিয়ে কমিশন পরীক্ষা-নিরীক্ষা করছে।

বিশ্ববিদ্যালয়ের বিষয়টি সম্পর্কে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে আনুষ্ঠানিকভাবে এখনো কিছু জানানো হয়নি।

কমিশনের একটি সূত্র জানান, স্বাস্থ্য মন্ত্রণালয় মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তা। কিন্তু যেকোন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ক্ষেত্রে মূল কর্তৃপক্ষ হচ্ছে মঞ্জুরি কমিশন। গত পরশু ও গত রবি (শেষ পৃ: ১ এর ক: ৯)

**মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  
(১ম পাতার পর)**

বায়ু মঞ্জুরি কমিশনে উপাচার্যদের ও উচ্চশিক্ষা কমিশনের সভায় প্রস্তাবিত মেডিক্যাল বিশ্ববিদ্যালয় নিয়ে আলোচনা হয়। এতে উল্লেখ করা হয় যে; স্বাস্থ্য মন্ত্রণালয় এতদসংক্রান্ত সভায় কমিশনের সচিবকে ডেকেছিল। পরবর্তী সভাগুলোতে মঞ্জুরি কমিশনের প্রতিনিধিকে ডাকা হয়নি।